দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 34 ■ 22nd August, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88




প্রার্থী বাছাই হবে দু'টি পর্যায়ে। প্রথমে প্রিলি. পরীক্ষা, সফল হলে 'মেইন' পরীক্ষা। কোনো ইন্টারভিউ নেই।

## রাজ্য স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে ১ লাখ গ্রুপ 'ডি'র শূন্যপদ পূরণ হবে ডিসেম্বরের মধ্যে

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : সোমবার পুরুলিয়ায় নলবাহিত জল সরবরাহ প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানের ভাষণে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, ডিসেম্বরের মধ্যেই রাজ্য সরকারের ১ লাখ শূন্যপদে লোক নেওয়া হবে।

রাজ্য সরকারি অফিসে গ্রুপ-ডি কর্মী-সহ বিভিন্ন পদে নিয়োগের দায়িত্ব পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনকে দেওয়া হচ্ছে। রাজ্য-সরকারি অফিসে গ্রুপ-ডি-সহ বিভিন্ন পদে প্রায় ১ লাখ শূন্যপদ আছে। এই শূন্যপদ এবার পূরণ হবে পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। আগের সরকারের আমলে স্টাফ সিলেকশন কমিশন তৈরি হলেও পরে সেভাবে নিয়োগ হয়নি।

গ্রুপ-ডি পদে নিয়োগের জন্য প্রার্থী বাছাই হবে দু'টি পর্যায়ে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা অর্থাৎ, এটি প্রাথমিক ঝাড়াই-বাছাই পরীক্ষা। এই পরীক্ষায় ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে মেইন পরীক্ষা দিতে হবে। নিয়োগে স্বচ্ছতা আনতে গ্রুপ-ডি পদের জন্য কোনো ইন্টারভিউ বা, পার্সোন্যালিটি টেস্ট থাকছে না। লিখিত মেইন পরীক্ষায় সফল হলেই মেধা তালিকা তৈরি হবে। প্রতিটি ক্ষেত্রেই সংরক্ষণ প্রথা মেনে তালিকা তৈরি হবে। লিখিত পরীক্ষার ও.এম.আর. শীটের কার্বন কপি প্রার্থীরা বাড়ি নিয়ে যেতে পারবেন। স্টাফ সিলেকশন কমিশনের আগের চেয়ারম্যান বিবেক সহায় এখনো দায়িত্ব

☞ এরপর ৫ পাতায়

## রেলে ৩,৯৯৩ জুনিয়র ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট

☞ এরপর ৭ পাতায়

### কলকাতার ১১২টি আইটি কোম্পানিতে

## ৩৯,৩২১ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

পল্লবী দেওয়ান, সল্টলেক : কলকাতার ১১২টি আই টি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৩,২৩৮ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ২৬,০৮৩ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার। বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে

☞ এরপর ১০ পাতায়

## স্কুল সার্ভিসের গ্রুপ 'সি', গ্রুপ 'ডি'র ফল পুজোর আগেই

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের যে লিখিত পরীক্ষা এবছরের ১৮ ও ২৫ জানুয়ারি

☞ এরপর ১২ পাতায়

### ট্রেনিং প্রোভাইডার হিসাবে অনন্য নজির

## ৯ মাস ট্রেনিং দিয়ে Agentic AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫২,০২৩ চাকরি

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

প্রমা দাস, কলকাতা : সময় বদলেছে। তাই সেই অনুযায়ী চাকরির ধরনও বদলেছে। আর স্বভাবতই এখন আর চাকরি পেতে গেলে শুধুমাত্র গতানুগতিক ডিগ্রি হলে চলবে না। হতে হবে 'মাল্টি পারপাস স্কিলড প্রফেশনালস'। তবেই ভালো পে-প্যাকেজ নিয়ে

☞ এরপর ৬ পাতায়

## পি.এস.সির মাধ্যমে ২৫,০০০ শূন্যপদ পূরণ

### ৮,০০৬টি শূন্যপদের নতুন বিজ্ঞপ্তি বেরোবে, ১৭,৭১৪টি শূন্যপদের নিয়োগ প্রক্রিয়া চলছে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : রাজ্য সরকারের বিভিন্ন দফতরে আগামী কয়েক মাসের মধ্যেই বিভিন্ন পদে প্রায় ২৫ হাজার শূন্যপদ পূরণের কাজ শুরু হয়েছে। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে। পি.এস.সি.'র চেয়ারম্যান অনিল ভার্মা জানান, বেশ কয়েকটি পদের নিয়োগ প্রক্রিয়া মাঝ পথে আটকে আছে।

এমন শূন্যপদের সংখ্যা প্রায় ১৭,৭১৪ হাজারের মতো। মোট শূন্যপদের মধ্যে গ্রুপ-সি অর্থাৎ ক্লার্কশিপ ও সমতুল পদে শূন্যপদ আছে ১২,৩৭৬টি, ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ), ডি.এস.পি., জুডিশিয়াল অফিসার, অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস, সিগন্যাল সার্ভিস ও অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে শূন্যপদ আছে ২,৪৯০টি, গ্রুপ-বি (মিসলেনিয়াস সার্ভিস-সহ অন্যান্য পদে) ও সমতুল পদে শূন্যপদ আছে ২,৮৪৮টি। ওইসব পদের বেলায় কয়েকটি

☞ এরপর ১২ পাতায়

## ও.বি.সি সংরক্ষণ ১৭% থেকে কমে ৭%

## স্কুল সার্ভিসের নিয়োগ প্রক্রিয়া স্থগিত

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ও.বি.সি. সংরক্ষণের জন্য স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ প্রক্রিয়া আপাতত স্থগিত রইল। এর ফলে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকাদের সুপারিশপত্র দেওয়ার কাজ বন্ধ রইল। স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান দুষ্যন্ত নারিয়াল জানান, ও.বি.সি. সংরক্ষণ ১৭% হবে না, ৭% হবে তা নিয়ে এখনো জটিলতা কাটেনি। তাই নিয়োগ আপাতত স্থগিত রাখা হল। একাদশ-দ্বাদশের কাউন্সেলিং হয়ে যাওয়া প্রার্থীদের পুলিশ

☞ এরপর ১২ পাতায়

## পুলিশে ৩০,০০০ কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর

### ১৭,১৪৩টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোবে, ১২,০০০ শূন্যপদের নিয়োগ প্রক্রিয়া চলছে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পুজোর আগেই রাজ্য পুলিশে প্রায় ১২ হাজার কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর নিয়োগ করা হবে। পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান নীরজকুমার সিং জানান, রাজ্য পুলিশে ২০২৪ সালের কনস্টেবল পদের চূড়ান্ত ফল বেরোলেই পুজোর আগে তাঁদের নিয়োগ করা হবে। এছাড়াও পুলিশে সাব-ইন্সপেরক্টর পদে নিয়োগপ্রক্রিয়া আটকে আছে, সেগুলি দ্রুত নিয়োগ করা হবে। প্রায় ১২ হাজার শূন্যপদ পুজোর আগেই পূরণ হচ্ছে। চেয়ারম্যান জানান, স্বচ্ছতার সঙ্গে নিয়োগের কাজ হবে। আধুনিক প্রযুক্তি নির্ভর ব্যবস্থা রাখা হয়েছে। কোনো পরীক্ষার্থী চাইলেই তার উত্তরপত্র দেখার সুযোগ পাবেন ও ফলে সন্তুষ্ট না হলে চ্যালেঞ্জ করতে পারেন। আগামী দিনে আরো উন্নত প্রযুক্তির সাহাজ্য নেওয়া হবে।

চেয়ারম্যান আরো জানান, আগামী

☞ এরপর ৩ পাতায়

## রৌরকেলা স্টিল প্লান্টে ১,১১০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, রৌরকেলা : রৌরকেলা স্টিল প্ল্যান্ট 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,১১০ জন লোক নিচ্ছে।

কারা কোন ক্ষেত্রে আবেদনের যোগ্য :

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : সেরামিক টেকনোলজি, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল / মেকাট্রনিক্স, মেটালার্জি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনফর্মেশন

☞ এরপর ৬ পাতায়

## স্টেট ব্যাঙ্কে ৭,৬৮০ ক্লার্ক

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারি সংস্থা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস)' পদে ৭,৬৮০ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছর যাঁরা ডিগ্রি কোর্সে ফাইনাল বর্ষের পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ডিগ্রি কোর্স পাশ হতে হবে ৩১-১২-২০২৬'এর মধ্যে।

মাধ্যমিক পাশ প্রাক্তন সমরকর্মীরা আর্মি স্পেশাল সার্টিফিকেট অফ এডুকেশন বা, নেভি কিংবা এয়ারফোর্সের করেসপন্ডেন্স সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ১৫ বছর আর্মড ফোর্সে চাকরি করে থাকলেও যোগ্য।

☞ এরপর ২ পাতায়



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com


## স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

মাধ্যমিক/H.S. / B.A. / B.ED. / ফার্মাসিস্ট / LL.B / I.T.I / Diploma / B.Tech / M.B.A / Ph.D পাশ একচান্সে। Back year available. M : 9332833022
SH


**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514


## স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

LLB (3 yrs./ 5 yrs.), B.Ed., B.P.Ed., B.Pharma, B.Tech. Admission going on. SCE: 9331920610, 7003144617, 8697133465
SH

## কর্মখালি [redacted]

Computer Society of India Kolkata Elgin require urgent Office Assistant. Graduate knows Tally, 45 age. Email CV: csikrec@gmail.com
SH

**MS TAJ CONSTRUCTION**
BUILDING ROADS. BUILDING TRUST.
জরুরী নিয়োগ | URGENT HIRING
Odisha & WB Road Project
Civil Site Manager / Non Civil Site Staff
Diploma / B.Tech (Civil) preferred
Salary ₹22,000/- onwards
Accommodation + Cooking Gas
9007739706
mstajconstructionn@gmail.com
SA(A)

## কর্মখালি [redacted]

ফিল্ড সুপারভাইজার- রাজ্যের বাইরে ২-৩ মাস পোস্টিং। ভ্রমণ ও থাকা-খাওয়া প্রদান করা হবে। আকর্ষক স্যালারি। M: 8777741107
SH.(A)

**100% Job গ্যারান্টেড**
এয়ারপোর্টে স্থায়ী কাজের জন্য সরাসরি M/F Candidate নেওয়া হচ্ছে। স্যালারী - 18K–65K পর্যন্ত। বিশদ জানতে Call : 9635039418
R

**মেট্রো জব ভ্যাকান্সি**
কলকাতা East–West মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা: (M.P – স্নাতক ও উর্ধ্বে)। বেতন : (17200–67800). PF, মেডিকেল, বোনাস প্রমোশনসহ থাকা, খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ - M : 7585074053.
SA(A)

## কর্মখালি [redacted]

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক। বেতন : 18,000 –68,000, থাকা-খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। M : 6295458168
SA(A)

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
Age : 18–35, HS & Graduate, Salary : 15K–27K, নিজ এলাকা। হাওড়া - হুগলী - 6291125164, নৈহাটী-শিয়ালদা : 8282865342
R

Kolkata Metro Urgently hiring under Contractor M/F Both. যোগ্যতা : HS–স্নাতক ও উর্ধ্বে। বেতন- 21900–63500। থাকা ও খাওয়া-সহ অন্যান্য সুবিধা। যোগাযোগ - M : 7063116189
SA

**জরুরী বিজ্ঞপ্তি**
কলকাতা মেট্রোরেলে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের মাধ্যমে Metro Pay Roll-এ যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক –স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17700–67500)। M : 70479 21378
SA(A)

## কর্মখালি [redacted]

কাজের জন্য পরিবার ছেড়ে বাইরে না গিয়ে হস্তশিল্পের কাজ করুন ঘরে বসেই। ডেলি ₹ 800/- পর্যন্ত আয় সম্ভব। হোম ডেলিভারিও হবে। ওপেন উইন্ডোজ : 7044415805
SH

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কোলকাতা মেট্রো রেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী অফিসিয়াল পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500 – 67700)। থাকা, খাওয়া-সহ PF, মেডিকেল, বোনাস, প্রমোশনের সুবিধা পাবেন। M : 7319106523
SA(A)

## কর্মখালি [redacted]

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18700–67700). PF, ESI, ছুটি, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 7583934359
SA(A)

KOLKATA METRO স্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি কন্ট্রাক্টরের অধীনে। M/F উভয়। যোগ্যতা : H.S – স্নাতক। বেতন : 22000–61000, থাকা, খাওয়া ও অন্যান্য সুবিধা। যোগাযোগ - M : 9091060640
SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেই দায়ী নয়। — সম্পাদক, কর্মসংস্থান

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর কোনো অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে। — সম্পাদক, কর্মসংস্থান


কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ
**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**
INC, WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com

Courses Offered
B.Sc নার্সিং — 60 Seats (4 Years)
GNM নার্সিং — 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year


## স্টেট ব্যাঙ্কে ৭,৬৮০ ক্লার্ক

১ পাতার পর

ইংরিজিতে লিখতে ও বলতে পারা দরকার। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেখানকার স্থানীয় ভাষায় লিখতে ও কথাবার্তা বলতে পারলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে।

বয়স হতে হবে ১-৪-২০২৬'র হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৮ থেকে ১-৪-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলে বয়সে অতিরিক্ত ছাড় পাবেন। শুরুতে ৬ মাসের প্রবেশন। মূল মাইনে : ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। শুরুতে মাইনে পাবেন মাসে ৪৬,০০০ টাকা।

মোট শূন্যপদ ৭,৬৮০টি। এর মধ্যে — কলকাতা সার্কেলের — পশ্চিমবঙ্গে ৫৫৫টি (জেনা: ২২৪, ই.ডব্লু.এস. ৫৫, তঃজাঃ ১২৭, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি. ১২২)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ৬, বধির প্রতিবন্ধী ৬, এল.ডি. ৬, ডি অ্যান্ড ই ৫, প্রাঃসঃকঃ ৯৯)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১৫টি (জেনা: ৯, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)। এর মধ্যে দৃষ্টিহীন ১, প্রাঃসঃকঃ ১)। সিকিমে ৬০টি (জেনা: ২৫, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ১৪)। এর মধ্যে প্রতিবন্ধী ৩, প্রাঃসঃকঃ ৮। গুয়াহাটি সার্কেলের — অসমে ১১০টি (জেনা: ৫০, ই.ডব্লু.এস. ১১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ২৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৫, প্রাঃসঃকঃ ১৫। অরুণাচল প্রদেশে ৫৫টি। মণিপুরে ১৪টি। মেঘালয় ২৪টি। মিজোরামে ৩২টি। নাগাল্যান্ডে ২৭টি। ত্রিপুরা ৪৮টি। ভুবনেশ্বর সার্কেলের — ওড়িশায় ১,১০০টি। আহমেদাবাদ সার্কেলের — গুজরাট ৩৩০টি। ব্যাঙ্গালোর সার্কেলের — কর্ণাটকে ৭৬০টি। ভোপাল সার্কেলের — মধ্যপ্রদেশে ১১৩টি। ছত্তিশগড়ে ২৮৭টি। চন্ডিগড় সার্কেলের — জম্মু-কাশ্মীরে ৮৪টি। হিমাচল প্রদেশে ৯টি। চেন্নাই সার্কেলের — তামিলনাড়ুতে ১,৪১০টি। চন্ডীগড় সার্কেলের — লাদাখে ৭টি। হায়দরাবাদ সার্কেলের — তেলেঙ্গানায় ২৬০টি। জয়পুর সার্কেলের — রাজস্থানে ৩৫০টি। লক্ষ্মৌ/ দিল্লি সার্কেলের — উত্তর প্রদেশে ২৫০টি। মহারাষ্ট্র /মুম্বাই মেট্রো সার্কেলের — মহারাষ্ট্র ১,৭১৮টি। গোয়া-৬২। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD/CR/2026-27/17.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা। তাতে সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে, সেপ্টেম্বরে। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : **পশ্চিমবঙ্গ** : গ্রেটার কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, বর্ধমান, কল্যাণী, শিলিগুড়ি। ত্রিপুরার আগরতলা। সিকিমের গ্যাংটক, **বিহার** : অড়, ভাগলপুর, দ্বারভাঙ্গা, গয়া, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। **ওড়িশা** : বালাসোর, বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা, সম্বলপুর।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১ ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল বলে ধরা হবে। কোয়ালিফাইং নম্বর কত হবে তা ব্যাঙ্ক সিদ্ধান্ত নেবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা কোয়ালিফাইং নম্বরে ৫%ছাড় পাবেন।

প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেনস পরীক্ষা হবে নভেম্বরে। অনলাইন মেন পরীক্ষায় ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। মোট সময় থাকবে ২ ঘন্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রিলি ও মেন দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। তবে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও অসমের প্রার্থীদের বেলায় ইংরিজি ও হিন্দি ছাড়াও বাংলা ভাষাতে প্রশ্ন হবে। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস প্রার্থীদের বেলায় মেনস পরীক্ষায় ২.৫% নম্বর বোনাস হিসাবে অতিরিক্ত পাবেন।

লিখিত পরীক্ষায় তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা কোয়ালিফাইং নম্বরে ৫%ছাড় পাবেন। মেধা তালিকা তৈরির সময় মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে।

তপশিলী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা 'প্রি-এক্সামিনেশন ট্রেনিং' নিতে পারেন। এজন্য দরখাস্তের নির্দিষ্ট জায়গা পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে কলকাতা, শিলিগুড়ি, শিলচর, রাঁচী, পটনা, ডিব্রুগড়, আসানসোল, ভুবনেশ্বর, গুয়াহাটি।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://bank.sbi/careers, https://sbi.co.in /careers

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে প্রার্থীদের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নিতে হবে : (ক) পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার, (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন), (গ) এস.বি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেনিং সার্টিফিকেট (যদি থাকে), (ঘ) নিচের প্যারাগ্রাফ হাতে লেখার পর স্ক্যান করতে হবে। "I,______(Name of the candidate), Date of Birth ______hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required. The signature, photograph and left thumb impression is of mine".

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী, প্রাঃসঃকঃ ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে ৩১ আগস্টের মধ্যে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে। অনলাইনে টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# অ্যাপোলো কেয়ার ইনস্টিটিউট— ভবিষ্যতের স্বাস্থ্যকর্মী গড়ার কারখানা

## মাধ্যমিক / উচ্চমাধ্যমিক এর পর স্বাস্থ্যক্ষেত্রে কেরিয়ার করতে চান? নার্সিং, OT, CCU, Pharmacy, Lab Technician এক ছাদের তলায় সব সুযোগ

**নিজস্ব প্রতিনিধি :** কলকাতা রোগীর সেবা মানেই শুধু ডাক্তার নয়। একজন দক্ষ নার্স, OT Techncian, Lab Technician বা Pharmacist-এর ভূমিকাও সমান গুরুত্বপূর্ণ। আজকের দিনে স্বাস্থ্য পরিষেবা সবচেয়ে দ্রুত বর্ধনশীল ক্ষেত্র। আর এইক্ষেত্রে চাকরির অভাব নেই। কিন্তু একটি প্রশিক্ষণ বা প্রতিষ্ঠান ছাড়া এগোনো কঠিন। ঠিক এই কারণেই রাজ্যের ছাত্রছাত্রীদের কাছে এখন ভরসার নাম বালিগঞ্জের Apollo Care Institute.

**Apollo Care Institute** আলাদা কেন? প্রতিষ্ঠানের অধ্যক্ষ জানালেন, 'আমাদের লক্ষ্য শুধু সার্টিফিকেট দেওয়া নয়। একজন ছাত্রছাত্রী ভবিষ্যতের উপযুক্ত প্লেসমেন্ট দেওয়াটাও আমরা আমাদের দায়িত্ব মনে করি।' এখানে প্রতিটি কোর্সেই রয়েছে হাসপাতাল ভিত্তিক ইন্টার্নশিপ, ফলে পড়াশোনার পাশাপাশি প্র্যাক্টিক্যালের দিকটাও ডেভেলপ হয়ে থাকে। এছাড়াও আরো কিছু সুযোগ-সুবিধা আমরা দিয়ে থাকি। যেমন— (১) অভিজ্ঞ শিক্ষক, শিক্ষিকাদের তত্ত্বাবধানে ক্লাস করানো। (২) ডিজিটাল ক্লাসরুম। (৩) ফ্রি wi-fi. (৪) উন্নতমানের প্র্যাকটিক্যাল রুম। (৫) ফ্রি কম্পিউটার প্রশিক্ষণ। (৬) ইনস্টলমেন্ট ফিস। (৭) স্কলারশিপ প্রদান। (১০) চাকরির সুযোগ। (১১) অনলাইন/অফলাইন ক্লাস করার সুযোগ। অধ্যক্ষ আরও বলেন, 'আমাদের এখানে কিস্তিতে ফি দেওয়ার পাশাপাশি, কোর্স চলাকালীন আমরা ছাত্রছাত্রীদের ফ্রি মেডিকেল কেস গিফট করি ও কোর্স শেষ হওয়ার আগেই আমরা ছাত্রছাত্রীদের বিভিন্ন হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে পাঠিয়ে দিই। কলেজের ভর্তি বিভাগ থেকে জানানো হয়েছে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য ভর্তি শুরু হয়েছে। মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক (আর্টস, কমার্স, সায়েন্স) ছাত্রছাত্রী উভয়ের সুযোগ আছে। আমাদের এখানে মূলত যে কোর্সগুলি ভর্তি নেওয়া হচ্ছে— (১) নার্সিং কোর্স : GNM ৩ বছর (WBNC / INC / KNC), P.B.Sc. ২ বছর (WBNC / KNC / INC), B.Sc. ৪ বছর (WBNC / KNC / INC), Diploma ২ বছর (Govt. of India, B55). (২) প্যারামেডিক্যাল কোর্স : CCU টেকনিশিয়ান, OT টেকনিশিয়ান, ফার্মেসি, ল্যাব টেকনিশিয়ান, ফিজিওথেরাপি। (৩) স্কিল বেসড শর্ট টার্ম কোর্স : যারা তাড়াতাড়ি স্বল্প খরচে চাকরিতে ঢুকতে চায় তাদের জন্য (৬ মাস-১ বছর)। আগ্রহী প্রার্থীরা সরাসরি কলেজে এসে বা ফোন করে অনলাইন ফর্ম ফিলাপ করতে পারেন। আসন সংখ্যা সীমিত। যোগাযোগ করুন : অ্যাপোলো কেয়ার ইনস্টিটিউট (A Govt. Affiliated Medical Training Institute), ঠিকানা : ২০/১ বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা ৭০০০১৯। ফোন : 6289592046, 9674307928.

### সেবার মাধ্যমে গড়ুন নিজের ভবিষ্যৎ, অ্যাপেলো কেয়ার ইনস্টিটিউট— আপনার কেরিয়ারে প্রথম ধাপ স্বাস্থ্য পরিষেবায় ভবিষ্যৎ উজ্জ্বল

- পশ্চিমবঙ্গে প্রতি বছর ২০০ এর বেশি স্বাস্থ্যকর্মীর চাহিদা বাড়ছে।
- সরকারি হাসপাতাল, নার্সিংহোম, ডায়াগনস্টিক সেন্টার, ফার্মাসিতে প্রচুর শূন্যপদ।
- OT Technician, CCU Technician, Physiotherapist দের বেতন ও চাহিদা দুই-ই বেশি।
- কোর্স শেষে ১০০% প্লেসমেন্ট সহায়তা দেওয়া হয়।

## পুলিশে ৩০,০০০ কনস্টেবল

১ পাতার পর

৫-৬ মাসের মধ্যে রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশে কনস্টেবল পদে ১৫,৭০৩টি আর সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে ১,৪৪০টি অর্থাৎ, মোট ১৭,১৪৩টি শূন্যপদের জন্য নতুন করে দরখাস্ত নেওয়া হবে।

**Direct Admission to B.Ed. Spl. Ed. : 2026-2028**

**Vivekananda Mission Asram**

Training College for the Teachers of the Visually Impaired
P.O.- Chaitanyapur (Haldia), Dist.- Purba Medinipur, PIN- 721645
Mob. 9564454992, 9732007535, 9734351616
Website : www.vmaindia.org

B.Ed. Spl.Ed. (V.I.) [Recogd. by RCI, New Delhi, Affl. to Vidyasagar University]। 2026-2028 শিক্ষাবর্ষে ভর্তির জন্য যোগ্যতা Bachelor's Degree / Master's Degree-তে প্রাপ্ত নম্বর অন্ততঃ 50%। বয়ঃসীমা 38 বছর। কোর্স ফি প্রথম বছর 40,500/- ও দ্বিতীয় বছর 35,000/- টাকা মাত্র। ট্রেনিং গ্রহণেচ্ছু প্রার্থীরা ভর্তির জন্য উল্লিখিত ফোন নম্বরে যোগাযোগ করুন।

B.Ed. Spl. Ed. (V.I.) পাশের পর SSC মাধ্যমে সাধারণ বিদ্যালয়ে সাধারণ শিক্ষক ও বিশেষ শিক্ষক হিসেবে চাকুরির সুযোগ আছে।

— সাধারণ সম্পাদক

## ফিল্ড সুপারভাইজার নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতার নামী কোম্পানিতে 'ফিল্ড সুপারভাইজার' পদে বেশ কিছু ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। উচ্চমাধ্যমিক পাশ বা গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যে কোনো সংস্থায় সুপারভাইজারি কাজে পূর্ব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবে। আকর্ষণীয় স্যালারি ও ইনসেনটিভ দেওয়া হবে। ইচ্ছুক প্রার্থীরা বিশদে জানতে যোগাযোগ করুন : 8777741107.

কর্মসংস্থানের নতুন দিশা দেখাতে এক ব্যাতীক্রমী উদ্যোগ

## ওয়াক-ইন-ড্রাইভের মাধ্যমে ২৫ জনের সরাসরি চাকরি

**সৈকত হালদার, সল্টলেক :** রাজ্যের অন্যতম সেরা EdTech ট্রেনিং প্রোভাইডর ডিসান অ্যাকাডেমী "বিজনেস ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট (বিডিএ)" পদে ২৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের সঙ্গে মার্কেটিং ও সেলস বিষয় নিয়ে গ্র্যাজুয়েট (BBA) বা পোষ্ট গ্র্যাজুয়েট (MBA) পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। শুরুতেই স্যালারি দেওয়া হবে মাসে ১৫,০০০/- --- ১৮,০০০/- টাকা। এছাড়াও আকর্ষণীয় ইনসেনটিভও দেওয়া হবে। নিয়োগ হবে ওয়াক-ইন-ইন্টারভিউর মাধ্যমে। ইন্টারভিউ হবে ২১ ও ২২ আগষ্ট এই ঠিকানায় : Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091. এটি সব দিক থেকেই একটি ব্যাতীক্রমী উদ্যোগ। যেখানে চাকরি নেই বলে সবাই অভিযোগ করছে, সেখানেই একসাথে ২৫ জনের চাকরির সুযোগ পাওয়া মুখের কথা নয়। আগ্রহী প্রার্থীরা আজই আবেদন করুন এই আইডিতে CV / Resume ই-মেল করার মাধ্যমে : hr@desuntechnology.in

## আধুনিক দক্ষতায় অ্যালায়েড হেলথ প্রফেশনালদের গড়ে তোলে : স্কুল অফ মেডিকেল টেকনোলজি

**দীনেশ নস্কর, কলকাতা :** ১৯৯২ সালে পশ্চিমবঙ্গের কলকাতায় 'স্কুল অফ মেডিকেল টেকনোলজি' (SSMT)-র যাত্রা শুরু হয়। সেই সময়ে. ঐতিহাসিক 'স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন'-এর পাশাপাশি এই অঞ্চলে প্যারামেডিক্যাল কোর্স প্রদানকারী হাতেগোনা কয়েকটি প্রতিষ্ঠানের মধ্যে এটি ছিল অন্যতম। গত তিন দশকে প্রতিষ্ঠানটি 'অ্যালায়েড হেলথ' বা সহযোগী স্বাস্থ্যসেবা শিক্ষার একটি প্রধান কেন্দ্রে পরিণত হয়েছে; ৩০,০০০-এরও বেশি শিক্ষার্থী তাদের সফল কর্মজীবন শুরুর জন্য SSMT-কে বেছে নিয়েছেন। বর্তমানে এর প্রাক্তন শিক্ষার্থীরা ভারতের বিভিন্ন শীর্ষস্থানীয় সরকারি ও বেসরকারি হাসপাতালে কর্মরত আছেন।

**দক্ষতা উন্নয়নে সরকারের বিশ্বস্ত সহযোগী :** এর উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ. ভারত সরকার ও বিভিন্ন রাজ্য সরকার গুরুত্বপূর্ণ দক্ষতা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য এই প্রতিষ্ঠানের ওপর আস্থা রেখেছে।

- **২০০৩-বর্তমান:** সহযোগী স্বাস্থ্যসেবা বিষয়ক দক্ষতা প্রশিক্ষণের জন্য একাধিক মন্ত্রণালয়ের সঙ্গে অংশীদারিত্ব।
- **২০১৫-বর্তমান:** দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা বিষয়ক মন্ত্রণালয়ের (Ministry of Skill Development and Entrepreneurship) অধীনস্থ 'ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন' (NSDC)-এর আনুষ্ঠানিক সহযোগী হিসেবে কার্যক্রম পরিচালনা।

**শিক্ষাগত অংশীদারিত্ব ও বর্তমান ক্যাম্পাসসমূহ :** শিক্ষাগত অংশীদারিত্বের ক্ষেত্রে, SSMT-র রয়েছে সমৃদ্ধ ইতিহাস ও প্রতিষ্ঠানটি ক্রমাগত তার কার্যক্রমের পরিধি বিস্তার করে চলেছে:

- **ঐতিহাসিক অংশীদারিত্ব:** রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের 'অ্যাডাল্ট এডুকেশন' বিভাগ (২০০৩,২০০৭) ও আলিয়া বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর ভোকেশনাল স্টাডিজ' (২০০৮, ২০১৭)-এর সহযোগিতায় ডিপ্লোমা-স্তরের প্যারামেডিক্যাল কোর্স পরিচালনা।
- **কল্যাণী ক্যাম্পাস (নদিয়া):** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোর্সসমূহ এখানে পড়ানো হয়।
- **কলকাতা ক্যাম্পাস:** পাঞ্জাবের সরকারি বিশ্ববিদ্যালয় 'বাবা ফরিদ ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্সেস' (BFUHS) ও 'ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন' (IMA)-এর অধিভুক্ত 'অ্যালায়েড হেলথ প্রফেশনাল' কোর্সসমূহ এখানে পড়ানো হয়।

**নতুন NCAHP নির্দেশিকা কঠোরভাবে অনুসরণ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ 'ন্যাশনাল কমিশন ফর অ্যালায়েড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস' (NCAHP)-এর নিয়মাবলী ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে পূর্ণাঙ্গভাবে কার্যকর হতে চলেছে; এমতাবস্থায় SSMT সমস্ত বাধ্যতামূলক নিয়ম ও প্রবিধান কঠোরভাবে মেনে চলছে। প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলার বিষয়টি NCAHP-র অফিসিয়াল পোর্টালে যাচাই করা সম্ভব।

**শিক্ষার্থীদের জন্য জরুরি পরামর্শ:** যেকোনো স্বাস্থ্যসেবা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আগে, প্রত্যেক আগ্রহী শিক্ষার্থীর উচিত যাচাই করে নেওয়া যে সংশ্লিষ্ট কলেজটি সর্বশেষ NCAHP নির্দেশিকা কঠোরভাবে মেনে চলছে কিনা। তাই বিগত ৩২ বছর ধরে এই প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা বিভিন্ন হাসপাতাল ও Diagnostic Centre-এ কর্মরত। 2025-27 সালে শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তি চলছে—

**ডিপ্লোমা কোর্স :** যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। Duration - ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ। (১). মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (২) অপারেশন থিয়েটার টেকনোলজি, (৩) ফিজিওথেরাপি টেকনোলজি, (৪) রেডিওলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি। (৫) অপ্টোমেট্রি।

**সার্টিফিকেট কোর্স :** যোগ্যতা- মাধ্যমিক/সমতুল্য। Duration- ৬ মাস। (১) অ্যাসিস্ট্যান্ট জিডিএ ক্রিটিক্যাল কেয়ার (Nursing), (২) মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট- কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে।

**বি.ভোক (B.Voc.) :** এই কোর্সটি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে। যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। Duration- ৩ বছর। (১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (২) হেলথ কেয়ার।

**যোগাযোগ :** স্কুল অফ মেডিকেল টেকনোলজি, ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কলকাতা- ৭০০০১৪। মোবাইল : 9231520480, 9874760012, 033-222 72 310. Website : www.ssmtskill.com

**NARAYANGARH NAMITA DEVI PVT. ITI**
NCVT & WBSCVT অনুমোদিত
• ELECTRICIAN (2 yrs.) • FITTER (2 yrs.)
• WELDER (1 yr.)
• DRESS MAKING (1 yr.)
Admission Going on
এই প্রতিষ্ঠানের সার্টিফিকেট কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সমস্ত চাকরির ক্ষেত্রে গ্রহণযোগ্য
Chaturibhara (সুপ্রিম কোম্পানির পাশে)
Narayangarh, Paschim Medinipur
M: 7501060227 / 9832728877

**CACES SUCCESS POLICE SERVICE (CSPS)**
কেন্দ্রীয় পুলিশে 1,00,000 + রাজ্য পুলিশে 1,00,000
দীর্ঘদিন বাদে জোড়া নিয়োগে রাজ্যের ছেলে-মেয়েদের সাফল্য নিশ্চিত করতে সেরা সেরা ফ্যাকাল্টিদের সমন্বয়ে 'ক্যাসেস এডুকেশন', কলকাতা আয়োজন করেছে এক বিশেষ প্রশিক্ষণ কর্মসূচীর (CSPS)। মেধার মান নির্ণয়ে উক্ত কোর্সে ভর্তির পূর্বে কমন এন্ট্রান্স টেষ্ট-এ বসা আবশ্যক। একচান্সে ঈর্ষান্বিত সাফল্য পেতে ও বিস্তারিত জানতে যোগাযোগ করুন :
CACES EDUCATION, 35 APC Road, Sealdah (Near Jagat Cinema) Kol- 700009.
9062756906, 9123325910
বিঃ দ্রঃ-একই কোর্স ফিতে লিখিত পরীক্ষা, মাঠ প্রশিক্ষণ ও মক্ ইন্টারভিউয়ের প্রস্তুতি নেওয়ার সুবর্ণ সুযোগ।

## BAR Council of India স্বীকৃত

## নামী Law কলেজ থেকে LL.B (3 yrs. / 5 yrs.) কোর্সে Law পাশ করে আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে**

**সুব্রত সেন, কলকাতা :** আইন পেশা হল এমন একটি পেশা যার মাধ্যমে আপনি সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলতে পারেন, কারণ প্রতিনিয়ত এই পেশার প্রয়োজনীয়তা সমাজের প্রত্যেক শ্রেণির নাগরিকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দরকার হচ্ছে। ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্টার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু চাকা গাড়ি কেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্তকাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্তকাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্ত কাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT. Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে। মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P.K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

**DASAGRAM ANURAN PVT. ITI**
NCVT & WBSCVT অনুমোদিত
Admission Going on
• ELECTRICIAN (2 yrs.) • FITTER (2 yrs.)
• SURVEYOR (2 yrs.) • HEALTH SANITARY INSPECTOR (1 yr.)
এই প্রতিষ্ঠানের সার্টিফিকেট কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সমস্ত চাকরির ক্ষেত্রে গ্রহণযোগ্য
Dasagram, Sabang, Paschim Medinipur
M: 9547221516 / 9832728877

**Clinical Research Centre (CRC), JU**
Kolkata – 700 032
In Collaboration with Manipal Hospital Ltd., Kolkata announces Certificate Course in "Dialysis Technician".
Duration : 9 months,
Eligibility : H.S (Science) and Above.
Last Date of Application 31 August 2026.
100% Job Assistance.
Cont. : 9088401354



# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের হ্যান্ডসাম মাইনের 'ক্লারিক্যাল ক্যাডার' পদে কীভাবে চাকরি পাবেন

*আই.বি.পি.এস'এর মাধ্যমে সারা ভারতের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস অর্থাৎ, 'ক্লারিক্যাল ক্যাডার'এ ১১,৪০৩ শূন্যপদের জন্য অনলাইনে আবেদন নিচ্ছে। আবেদনের শেষ তারিখ ২১ আগস্ট। প্রিলিমিনারি পরীক্ষা হবে অনলাইনে, অক্টোবর মাসে। অর্থাৎ হাতে আছে আর মাত্র কয়েক মাস। আর এই অল্প সময়ের মধ্যে এই পরীক্ষায় সফল হয়ে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের মোটা মাইনের চাকরি পাওয়ার স্বপ্ন কীভাবে সফল করবেন তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

আইবিপিএস ক্লার্ক (IBPS Clerk) পরীক্ষা SBI বাদে ভারতের অন্যান্য সরকারি ব্যাঙ্কে চাকরি পাওয়ার একটি বড়ো সুযোগ। ২০২৬ সালের বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইন আবেদন প্রক্রিয়া এবছর ১ আগস্ট থেকে ২১ আগস্ট পর্যন্ত চলবে। ২০ বছর থেকে ২৮ বছর বয়সি গ্র্যাজুয়েট প্রার্থীরা আবেদন করতে পারবেন। এবছর অক্টোবরে প্রিলিমিনারি পরীক্ষা ও ডিসেম্বরে মেইন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**কাজের ধরন ও দায়িত্ব :**

কাস্টমার ফেসিং জব অর্থাৎ ফ্রন্ট অফিসে গ্রাহকদের টাকা জমা, তোলা ও অ্যাকাউন্ট খোলার সুবিধা দেওয়া। ডকুমেন্ট ভেরিফিকেশন, লোন বা অন্য সার্ভিসের জন্য কেওয়াইসি (KYC) ও নথিপত্র যাচাই করা। দৈনিক ব্যাঙ্কের ক্যাশ বুক ও ভল্টের ক্যাশ ব্যালেন্স মিলিয়ে নেওয়া ইত্যাদি।

**বেতন ও সুযোগ-সুবিধা :** বর্তমানে যোগদানের পর সব ভাতা মিলিয়ে প্রায় ৪১,০০০ টাকা পাওয়া যায়।

**ফর্ম ফিলাপ ও যোগ্যতা :**

শিক্ষাগত যোগ্যতা: যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক (Graduate) ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার সংক্রান্ত জ্ঞান আবশ্যক।

**আবেদনের নিয়ম:**

আবেদন করতে হবে Official IBPS Website। সঠিক তথ্য দিয়ে রেজিস্ট্রেশন ও ছবি-স্বাক্ষর আপলোড করে ফি জমা দিতে হয়।

**ভেকেন্সি (শূন্যপদ) :** ২০২৬ সালের বিজ্ঞপ্তিতে অংশ নেওয়া নানান পাবলিক সেক্টর ব্যাঙ্কের জন্য মোট ১১,৪০৩টি শূন্যপদ (Customer Service Associate) ঘোষণা করা হয়েছে। রাজ্যভিত্তিক শূন্যপদের তালিকা ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

**পরীক্ষার প্যাটার্ন:**

আইবিপিএস ক্লার্ক পরীক্ষা মূলত ২টি ধাপে হয়:

**প্রিলিমিনারি পরীক্ষা :** ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় ৬০ মিনিট। বিষয়গুলি হল ইংরিজি ভাষা (৩০ প্রশ্ন, ৩০ নম্বর), নিউমেরিকাল এবিলিটি-(৩৫ প্রশ্ন; ৩৫ নম্বর) ও রিজনিং এবিলিটি (৩৫ প্রশ্ন, ৩৫ নম্বর)। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর নেগেটিভ মার্কিং থাকে।

**মেইন পরীক্ষা:** ২০০ নম্বরের ১৬০টি প্রশ্ন। সময় ১২৫ মিনিট। বিষয়গুলি হল — রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড, জেনারেল ইংলিশ ও জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস।

**রিজনিং এবিলিটি :** ৪০টি প্রশ্ন, ৬০ নম্বর, সময় ৩৫ মিনিট। ইংরিজি ভাষা : ৪০টি প্রশ্ন, ৪০ নম্বর, সময় ৩৫ মিনিট। কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড : ৪০টি প্রশ্ন, ৫০ নম্বর, সময় ৩৫ মিনিট। সাধারণ/আর্থিক সচেতনতা : ৪০টি প্রশ্ন, ৫০ নম্বর, সময় ২০ মিনিট।

**গুরুত্বপূর্ণ নিয়মাবলি :**

**সেকশনাল টাইমিং :** প্রতিটি বিভাগের জন্য নির্দিষ্ট সময় (Sectional Time) বরাদ্দ থাকে। একটি বিভাগের নির্ধারিত সময় শেষ না হওয়া পর্যন্ত অন্য বিভাগে যাওয়া যায় না।

**নেগেটিভ মার্কিং :** প্রতিটি ভুল উত্তরের জন্য ওই প্রশ্নের বরাদ্দের ১/৪ অংশ বা ০.২৫% নম্বর কাটা যাবে। অর্থাৎ ১ নম্বরের প্রশ্নে ভুল করলে ০.২৫ ও ১.২ নম্বরের প্রশ্নে ভুল করলে ০.৩ নম্বর কাটা যাবে।

**সেকশনাল কাট-অফ :** প্রার্থীকে প্রতিটি বিষয়ে আলাদাভাবে পাস করতে হবে (Sectional Cut-off), পাশাপাশি মোট নম্বরের ওপর ভিত্তি করে ওভারঅল কাট-অফও পার করতে হবে।

**পরীক্ষার ভাষা:** ইংরিজি বিষয়ের প্রশ্ন বাদে বাকি সব বিভাগের প্রশ্ন প্রার্থীর পছন্দ অনুযায়ী ইংরিজি, হিন্দি ও সংশ্লিষ্ট রাজ্যের আঞ্চলিক ভাষায় (যেমন পশ্চিমবঙ্গের জন্য বাংলা) দেখার সুযোগ থাকে।

**প্রস্তুতির কৌশল :**

**টাইম ম্যানেজমেন্ট :** প্রিলিমসে প্রতিটি বিভাগের জন্য ২০ মিনিট সময় বরাদ্দ থাকে। তাই স্পিড ও অ্যাকুরেসি বাড়াতে হবে।

**মক টেস্ট :** নিয়মিত মক টেস্ট দিন ও ভুলগুলি বিশ্লেষণ করুন। প্রতিদিন অন্তত একটি করে ফুল-লেংথ মক টেস্ট অভ্যাস করা জরুরি।

**কারেন্ট অ্যাফেয়ার্স :** মেইন পরীক্ষার জন্য শেষ ৬ মাসের ব্যাঙ্কিং ও অর্থনৈতিক কারেন্ট অ্যাফেয়ার্স নিয়মিত পড়তে হবে। **বেসিক কনসেপ্ট :** ম্যাথ ও রিজনিংয়ের শর্টকাট পদ্ধতি আয়ত্ত করুন। পাজল (Puzzles) ও ডিআই (DI) নিয়মিত চর্চা করুন।

**আইবিপিএস ক্লার্ক পরীক্ষার বিষয়ভিত্তিক প্রস্তুতির জন্য পরামর্শ:**

**ইংরিজি ভাষা :**

**শব্দভান্ডার বাড়ান :** নতুন শব্দ ও তার অর্থ শিখে আপনার শব্দভান্ডার বাড়ান। বিভিন্ন প্রসঙ্গে নানা ধরনের শব্দভান্ডারের সঙ্গে পরিচিত হওয়ার জন্য সংবাদপত্র, ম্যাগাজিন ও উপন্যাস পড়ুন। পদ্ধতিগতভাবে শব্দ শিখতে ও পুনরালোচনা করতে অনলাইন রিসোর্স, ফ্ল্যাশকার্ড ও শব্দতালিকা ব্যবহার করুন।

**কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড:**

**বিভিন্ন ধরনের বিষয় :** সংখ্যাগত দক্ষতা বিভাগে বিভিন্ন ধরনের বিষয় অন্তর্ভুক্ত করা নিশ্চিত করুন। সরলীকরণ, সংখ্যা সিরিজ, তথ্য বিশ্লেষণ (DI) ও পাটিগণিতের মতো বিষয়গুলিতে বিশেষ মনোযোগ দিন। পরীক্ষায় এই বিষয়গুলির সাধারণত উল্লেখযোগ্য গুরুত্ব থাকে।

**সাধারণ সচেতনতা:**

যেহেতু সাধারণ জ্ঞান একটি বিশাল বিষয়, তাই নিয়মিত অধ্যয়নের জন্য সময় দেওয়া ও সাম্প্রতিক ঘটনাবলীর সঙ্গে সংযুক্ত থাকা জরুরি। সর্বশেষ জাতীয় ও আন্তর্জাতিক সংবাদ, ব্যবসা ও অর্থ, খেলাধুলা, পুরস্কার ও সম্মাননা, গুরুত্বপূর্ণ ঘটনা ও সরকারি প্রকল্প সম্পর্কে অবগত থাকতে সংবাদপত্র, ম্যাগাজিন পড়ুন ও নির্ভরযোগ্য অনলাইন লিঙ্ক দেখুন।

**ব্যাঙ্কিং বিষয়ক জ্ঞান :** ব্যাঙ্কিং, আর্থিক প্রতিষ্ঠান ও এই শিল্পের সাম্প্রতিক উন্নয়ন সম্পর্কে জ্ঞান অর্জন করুন। ব্যাঙ্কিং পরিভাষা, আর্থিক নীতিমালা, আরবিআই, সেবি ও আইআরডিএআই-এর মতো গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রক সংস্থা ও ব্যাঙ্কিং খাতে গৃহীত প্রধান সংস্কার বা উদ্যোগ সম্পর্কে অবগত থাকুন।

**যুক্তি ক্ষমতা (রিজনিং) :**

আপনার যুক্তি ও বিশ্লেষণাত্মক যুক্তির ক্ষমতা বাড়ানোর জন্য সময় দিন। সমালোচনামূলক চিন্তাভাবনা, সমস্যা সমাধান ও সিদ্ধান্ত গ্রহণের মতো দক্ষতা বিকাশের ওপর মনোযোগ দিন। এই ক্ষেত্রে একটি শক্তিশালী ভিত্তি তৈরি করতে নানান ধরণের যুক্তিমূলক প্রশ্ন অনুশীলন করুন।

**বিভিন্ন বিষয় অনুশীলন করুন :** প্রাজল, আসন বিন্যাস, ন্যায় অনুমান, কোডিং-ডিকোডিং ও ইনপুট-আউটপুটের মতো বিভিন্ন ধরনের যুক্তিমূলক বিষয় অনুশীলন করুন। এইসব বিষয় সাধারণত রিজনিং অ্যাবিলিটি বিভাগে জিজ্ঞাসা করা হয়। নিয়মিত অনুশীলন আপনাকে বিভিন্ন ধরনের প্রশ্নের সঙ্গে পরিচিত হতে ও আপনার নির্ভুলতা ও গতি উন্নত করতে সাহায্য করবে।

আইবিপিএস ক্লার্ক (IBPS Clerk) পরীক্ষার প্রস্তুতির জন্য নিচে বিষয়ভিত্তিক সেরা ও পরীক্ষিত বইয়ের তালিকা দেওয়া হল। অবজেক্টিভ জেনারেল ইংলিশ - এস পি বক্সী, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - আর এস আগরওয়াল, রাজেশ ভার্মা। রিজনিং - আর এস আগরওয়াল, বি এস সিওয়াল, কম্পিউটার ও সাধারণ জ্ঞান - পুনীথ কুমার বা আরিহন্ত পাবলিকেশন, দৈনিক কারেন্ট অ্যাফেয়ার্স ও ত্রৈমাসিক ম্যাগাজিন (যেমন - প্রতিযোগিতামূলক দর্পণ বা ব্যাঙ্কিং ক্রনিকাল)

**কেরিয়ার ও প্রমোশন :**

ব্যাঙ্কে ক্লার্ক হিসাবে যোগ দিলেও দ্রুত প্রমোশন নিয়ে উঁচুপদে যাওয়ার দারুণ সুযোগ থাকে। মাত্র ৩ বছর চাকরি করার পর অভ্যন্তরীণ পরীক্ষার মাধ্যমে সরাসরি স্কেল-১ অফিসার (PO) হওয়া যায়।

**স্থায়িত্ব ও সামাজিক সম্মান :** এটি একটি সম্পূর্ণ সুরক্ষিত কেন্দ্রীয় সরকারি ব্যাঙ্ক চাকরি, যা সমাজে অত্যন্ত মর্যাদাপূর্ণ।

ব্যাঙ্ক, রেল, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## রাজ্যের ১২৫টি কোম্পানিতে

# ৪০,৩২২ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

**পারমিতা মিত্র, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৫০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৭৫টি কোম্পানি মিলিয়ে মোট ১২৫টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৪০,৩২২ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা-বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৯ মাসে চাকরি হয়েছে প্রায় ২,০১১ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity ও Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

# সকল সরকারি চাকরির সেরা প্রশিক্ষণ এখন শিয়ালদহে

**নিজস্ব প্রতিনিধি :** সকল কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষাগুলির প্রস্তুতির জন্য কলকাতার অন্যতম সেরা প্রশিক্ষণ কেন্দ্র ICE Academy। দক্ষিণ কলকাতার বালিগঞ্জে অবস্থিত এই শিক্ষা প্রতিষ্ঠান এক দশকের উপর সময় ধরে হাজার হাজার ছাত্র-ছাত্রীদের স্বপ্নপূরণে সাহায্য করে চলেছে। এই প্রতিষ্ঠানের শিক্ষাগত মান এককথায় অতুলনীয়। বর্তমানে বিভিন্ন চাকরির প্রার্থীদের ও তাদের অভিভাবকদের আবেদনে এই প্রতিষ্ঠানের একটি নতুন প্রশিক্ষণ কেন্দ্র চালু হয়েছে শিয়ালদহ স্টেশনের সন্নিকটে। এর ফলে খুব সহজেই দূর-দূরান্ত থেকে ছাত্র-ছাত্রীরা রেল যোগাযোগের মাধ্যমে এই প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবে। প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে বালিগঞ্জ কেন্দ্রের মতো শিয়ালদহ কেন্দ্রেও একই শিক্ষক মন্ডলী প্রশিক্ষণ দেবেন। শিয়ালদহের এই নতুন কেন্দ্রে প্রশিক্ষণের গুণগত মানের কোন অভাব থাকবে না। রাজ্যের সেরা সরকারি চাকরির প্রশিক্ষকদের ও বিশিষ্ট সরকারি আধিকারিকদের তত্ত্বাবধানে সাজানো এই প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পূরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন।

ICE একাডেমিতে প্রশিক্ষণের জন্য WBCS, SSC-CGL/CHSL, Rail, Bank PO/Clerk, WBPSC-Miscellaneous, Clerkship-এর প্রতিটির পৃথক পৃথক কোর্সের পাশাপাশি থাকছে কয়েকটি কম্বাইন্ড কোর্স যেগুলি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল সাধারণ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির জন্য যথাযথ। থাকছে প্রতি সপ্তাহে প্রতিটি বিষয়ের ওপর বিশেষজ্ঞদের অবজেক্টিভ ও ডেস্ক্রিপটিভ ক্লাস ও নিয়মিত পরীক্ষা। পাশাপাশি ইন্টারভিউ পর্বের প্রস্তুতির জন্য চলবে ছাত্রছাত্রীদের গ্রুমিং ও পার্সোনালিটি ডেভেলপমেন্ট। সঙ্গে থাকছে বিশেষজ্ঞদের তৈরি বিশেষ স্টাডি মেটেরিয়াল ও প্র্যাকটিস পেপারের সম্ভার। বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে।

আসন্ন সকল সরকারি চাকরিকে লক্ষ্য করে অনলাইন ও ক্লাসরুমের বিভিন্ন ব্যাচগুলিতে ভর্তি চলছে। এছাড়া থাকছে অনলাইনে ফ্রি গাইডেন্স ও ফ্রি কাউন্সেলিং এর সুযোগ। তাই দেরি না করে আজই যোগাযোগ করুন।

বালিগঞ্জ কেন্দ্র 9804412898 / 7044517509.

শিয়ালদহ কেন্দ্র 7044981821 / 7278073043.


**TEACHER REQUIRED**

B.Sc / M.Sc (Computer Science), BCA / MCA / B.Tec / M.Tec & B.Ed

Apply within 17/09/2026

Sri Ramakrishna Ashrama Institute (H.S.)
M. N. Roy Rd., Harinavi, Kol-148
Ph : (033) 2477 5249
E-mail : srai1967.school@gmail.com


# ১ লাখ গ্রুপ 'ডি'র শূন্যপদ

১ পাতার পর

সামলাচ্ছেন। এস.এস.সি.'র সদর দফতর সল্টলেকের ময়ূখ ভবনে। রাজ্য সরকারি অফিসে গ্রুপ-সি অর্থাৎ, ক্লার্ক পদে নিয়োগের দায়িত্ব পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনকে দেওয়া হলেও পরে তা পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনকে দেওয়া হয়। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে।


**তুলসীর সরকারি চাকরির সেরা বই**

- TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET
- TULSHIR ICDS PRACTICE SET
- WBJCE ANM (R) & GNM
- TULSHIR PRIMARY TET HANDBOOK ₹ : 700
- TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹ : 500
- TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK (Sci. & Arts) ₹ : 890
- TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹ : 500
লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। ই-অ্যাডমিট কার্ড পরীক্ষার আগে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। তখন পরীক্ষা দেওয়ার সময় ফটো আই.ডি. হিসাবে ভোটার কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, পাসপোর্ট, শিক্ষা প্রতিষ্ঠানের আই.ডি. কার্ড নিয়ে যেতে হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর বাদ যাবে। পরীক্ষা হবে যে রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করবেন, সেই বোর্ডের শহরের বিভিন্ন স্কুল-কলেজে। সবশেষে হবে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ সেপ্টেম্বরের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৩০ থেকে ৭০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন। যে ফটো স্ক্যান করবেন সেই ফটোর ১২ কপি নিজের কাছে রেখে দেবেন, পরবর্তী ধাপে পরীক্ষার জন্য লাগবে।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে এরপর ১০ পাতায়

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

## মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম কীভাবে



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মন:পূত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে কর্মসংস্থান কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে **কর্মসংস্থান** থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন; যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

# ৩৯,৩২১ GenAI বেসড UI/UX ডিজাইনার

১ পাতার পর

পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা।

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (এপ্রিল-জুন) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা, অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি**

## এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র **উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও** এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই**, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Undertand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjoumey, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত **১০টির ওপর AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **প্রোডাক্ট ডিজাইনিং** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। **(১০)** এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। **(১১)** আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। **(১২)** আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট **Shopify** এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। **(১৩)** আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। **(১৪)** এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। **(১৫)** আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। **(১৬)** এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। **(১৭)** এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' **(১৮)** একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

# রেলে ৩,৯৯৩ জুনিয়র ইঞ্জিনিয়ার

৯ পাতার পর

গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন ১৫ সেপ্টেম্বরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)। দরখাস্ত করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ৩ ডিসেম্বর থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in: প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৯ এপ্রিল :** ২০২৭ সাল থেকে শুরু হতে চলা নতুন ৩ বছর মেয়াদের জন্য, রাষ্ট্রসঙ্ঘের মর্যাদাপূর্ণ 'কমিটি অন ইকোনমিক, সোশ্যাল অ্যান্ড কালচারাল রাইটস'এ আবার নির্বাচিত হলেন প্রবীণ কূটনীতিবিদ প্রীতি শরণ।

❑ 'ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় খান্না।

❑ ভারতের প্রথম টেস্টজয়ী দলের সদস্য সি.ডি.গোপীনাথ (৯৬ বছর) মারা গেলেন। ২০২৪ সালে দত্তা গায়কোয়াড়'এর মৃত্যুর পর তিনিই ছিলেন দলের শেষ জীবিত সদস্য। ১৯৫১-'৫২ সালে ইংল্যান্ডের বিপক্ষে সিরিজে টেস্ট অভিষেক করেন তিনি। মুম্বইয়ের ব্রেবোর্ন স্টেডিয়ামে সেই ম্যাচে দুই ইনিংসে অপরাজিত ৫০ ও ৪২ রান করেছিলেন এই ডানহাতি ব্যাটার।

❑ ধসের কারণে উত্তর সিকিমের লাচেনে আটকে পড়া সব পর্যটককে নিরাপদে উদ্ধার করতে 'অপারেশন হিমসেতু' চালু করল ভারতীয় সেনাবাহিনী। ৪৮ ঘন্টার রুদ্ধশ্বাস অভিযানে কোনো বিপত্তি ছাড়াই সবাইকে সমতলে নামিয়ে আনা হয়েছে। মোট ১,৩২১ জন পর্যটককে উদ্ধার করা হয়েছে। এছাড়াও, লাচেনের ৮৪ জন স্থানীয় বাসিন্দাকেও নিরাপদ আশ্রয়ে নিয়ে আসা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, কয়েকদিন আগে ধসের কারণে লাচেন-চুংথাং রোডের যোগাযোগ ব্যবস্থা পুরোপুরি তছনছ হয়ে গিয়েছিল।

**১০ এপ্রিল :** ভারতীয় সেনার 'মহাবীর চক্র' জয়ী অবসরপ্রাপ্ত কর্নেল সোনম ওয়াংচুক (৬১ বছর) মারা গেলেন। ১৯৯৯ সালের কার্গিল যুদ্ধে অসীম বীরত্বের জন্য 'মহাবীর চক্র'এ ভূষিত হন তিনি। কার্গিল যুদ্ধে মাত্র ৪০ জন জওয়ানকে নিয়ে ১৮,০০০ ফুট উচ্চতায় ১৩৬ জন পাক-ই-স্তানি অনুপ্রবেশকারীকে খতম করেছিলেন তিনি। 'লাদাখের সিংহ' নামে পরিচিত ছিলেন তিনি।

❑ ক্যান্সারকে একটি 'বিজ্ঞাপিত রোগ' হিসাবে ঘোষণা করল তেলেঙ্গানা সরকার, যার ফলে রাজ্যের সব সরকারি ও বেসরকারি হাসপাতাল, ল্যাব ও স্বাস্থ্যকেন্দ্রে ক্যান্সার শনাক্ত হওয়ার ১ মাসের মধ্যে তা সরকারকে রিপোর্ট করা বাধ্যতামূলক হয়েছে। এক্ষেত্রে সংগৃহীত রোগীর সব তথ্য কঠোরভাবে গোপন রাখা হবে। এই উদ্যোগের লক্ষ্য হল, ক্যান্সারের সঠিক তথ্য সংগ্রহ, নজরদারি বাড়ানো ও প্রাথমিক শনাক্তকরণের মাধ্যমে মৃত্যুহার কমানো।

❑ গুজরাতের জামনগরে 'বনতারা বিশ্ববিদ্যালয়' চালু করার কথা ঘোষণা করলেন 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ'এর এক্সিকিউটিভ ডিরেক্টর অনন্ত আম্বানি। এটি হবে বন্যপ্রাণী সংরক্ষণ ও পশুচিকিৎসা বিজ্ঞানের জন্য বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয়। এই প্রতিষ্ঠানের লক্ষ্য হল, বন্যপ্রাণী ও পশুচিকিৎসা শিক্ষার ক্ষেত্রে ভারতকে একটি আন্তর্জাতিক কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা। এই বিশ্ববিদ্যালয়ে স্নাতক, স্নাতকোত্তর, ফেলোশিপ ও বিশেষ কোর্স চালু হবে। পাঠ্যক্রমে থাকবে বন্যপ্রাণী চিকিৎসা, সার্জারি, পুষ্টিবিজ্ঞান, আচরণবিজ্ঞান, জেনেটিক্স-সহ প্রভৃতি বিষয়। এছাড়াও, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য স্কলারশিপের ব্যবস্থাও থাকবে এখানে।

**১১ এপ্রিল :** এবছর কিরগিজস্তানের বিশকেকে, 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ফ্রিস্টাইল ৬৫ কেজি ও ৭০ কেজি বিভাগে সোনার পদক পেলেন যথাক্রমে দুই ভারতীয় কুস্তিগির সুজিত কালকাল ও অভিমন্যু মান্ডওয়াল। উজবেক-ই-স্তানের উমিদজোন জালোলভ'কে ৮-১ ব্যবধানে হারিয়ে ৬৫ কেজি বিভাগে সোনার পদক পেলেন সুজিত কালকাল আর মঙ্গোলিয়ার তোমোর ওচিরিন তুলগা'কে ৫-৩ ব্যবধানে হারিয়ে ৭০ কেজি বিভাগে সোনার পদক পেলেন অভিমন্যু মান্ডওয়াল।

❑ চাঁদে একগুচ্ছ রেকর্ড গড়ে ৪ মহাকাশচারীকে নিয়ে প্রশান্ত মহাসাগরে নিরাপদে অবতরণ করল নাসা'র 'আর্তেমিস ২' মিশন। ১০ দিনের এই ঐতিহাসিক অভিযানে ছিলেন ৩ মার্কিন ও ১ কানাডিয়ান মহাকাশচারী — ক্রিস্টিনা কোচ, ভিক্টর গ্লোভার, জেরেমি হ্যানসেন ও রিড ওয়াইজম্যান। ক্রিস্টিনা কোচ প্রথম মহিলা ও ভিক্টর গ্লোভার প্রথম কৃষ্ণাঙ্গ হিসাবে চাঁদের সীমানায় পা রাখলেন। অন্যদিকে, প্রথম অ-মার্কিনি হিসাবে এই বিরল সম্মানের অংশীদার হলেন জেরেমি হ্যানসেন। ১৯৭০ সালের বিখ্যাত 'অ্যাপোলো ১৩' মিশনের থেকেও ৬,৪০০ কিলোমিটার বেশি পথ পাড়ি দিয়ে এই ৪ মহাকাশচারী পৃথিবী থেকে সর্বোচ্চ ৪,০৬,৭৭১ কিলোমিটার দূরে পৌঁছেছিলেন। এটি এখনও পর্যন্ত মানুষের পৃথিবী থেকে সবথেকে দূরে যাওয়ার বিশ্বরেকর্ড।


### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


**১২ এপ্রিল :** মার্কিন যুক্তরাষ্ট্রের সিয়াটল শহরের প্রাণকেন্দ্রে প্রথমবার স্বামী বিবেকানন্দের একটি পূর্ণাবয়ব ব্রঞ্জ মূর্তি স্থাপন করা হল। এই উদ্যোগ ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সাংস্কৃতিক সম্পর্ককে আরও মজবুত করার পাশাপাশি বহুত্ববাদ ও অন্তর্ভুক্তির বার্তা বহন করছে। ডাউনটাউনের ওয়েস্টলেক স্কোয়ার পার্কে এই মূর্তির আনুষ্ঠানিক উদ্বোধন করেন সিয়াটলের মেয়র কেটি উইলসন ও সিয়াটলে ভারতের কনসাল জেনারেল প্রকাশ গুপ্তা। এই মূর্তিটি 'ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস'এর তরফ থেকে সিয়াটল শহরকে উপহার হিসাবে দেওয়া হয়েছে। ভারতের সাংস্কৃতিক কূটনীতির অংশ হিসাবে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

❑ এবছর 'রটারডাম ম্যারাথন'এ দেশের দীর্ঘতম সময়ের জাতীয় রেকর্ড ভেঙে ইতিহাস গড়লেন ভারতীয় লং-ডিস্ট্যান্স রানার ২৮ বছর বয়সি সাওয়ান বারওয়াল। ২ ঘন্টা ১১ মিনিট ৫৮ সেকেন্ড সময় নিয়ে এই রেকর্ড গড়েন তিনি। এর ফলে, ১৯৭৮ সালে শিবনাথ সিংয়ের গড়া ৪৮ বছরের পুরনো রেকর্ড ভেঙেছেন তিনি। তাঁর সময় ছিল ২ ঘন্টা ১২ মিনিট। সাওয়ান শুধু রেকর্ডই ভাঙেননি, বরং গত পাঁচ দশক ধরে অক্ষত থাকা একটি মাইলফলকও অতিক্রম করেছেন তিনি।

❑ কার্লোস আলকারাজ'কে ৭-৬(৫) ও ৬-৩ ব্যবধানে হারিয়ে, এবছর 'মন্টে-কার্লো মাস্টার্স'এ সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জ্যানিক সিনার।



কিংবদন্তি বর্ষীয়ান সঙ্গীতশিল্পী আশা ভোঁসলে (৯২ বছর) মারা গেলেন। হিন্দি, বাংলা, ভোজপুরী-সহ ২০টিরও বেশি ভাষায় গান গেয়েছেন তিনি। ভূষিত হয়েছেন 'দাদাসাহেব ফালকে' পুরস্কার, 'পদ্মবিভূষণ', 'বঙ্গবিভূষণ'-সহ একাধিক সম্মানে।

**১৪ এপ্রিল :** 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন অনন্ত স্বরূপ।

❑ অস্ট্রেলিয়ান সেনাবাহিনীর ১২৫ বছরের ইতিহাসে প্রথম মহিলা প্রধান হিসাবে নিযুক্ত হলেন লেফটেন্যান্ট জেনারেল সুজান কোয়েল।

❑ এবছর 'অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিস'এর জাতীয় মুট কোর্ট প্রতিযোগিতায় বিজয়ী হল 'বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়'। ট্রফি ও পদকের পাশাপাশি, ২৫,০০০ টাকা নগদ পুরস্কার পেয়েছে তারা। সারা ভারত থেকে ৪০টি দল এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।

❑ সিকিমের প্রথম সীমান্ত গ্রামভিত্তিক কমিউনিটি রেডিও স্টেশন 'সিকিম সুন্দরী' চালু করল ভারতীয় সেনাবাহিনীর 'ত্রিশক্তি কোর'। স্টেশনটি স্থানীয় সংবাদ, আবহাওয়ার তথ্য, বিভিন্ন সরকারি প্রকল্পের বিস্তারিত বিবরণ প্রচার করবে, যার মাধ্যমে দুর্গম ভূখণ্ড ও সীমিত সংযোগ পরিকাঠামো সত্ত্বেও স্থানীয় বাসিন্দারা সবসময় বিভিন্ন খবর সম্পর্কে জানতে পারবেন। স্থানীয় ঐতিহ্য, ভাষা ও সংস্কৃতি প্রচারের একটি মাধ্যম হিসাবেও কাজ করবে এই রেডিও স্টেশনটি।

❑ 'ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ফান্ড ফর নেচার'এর তরফ থেকে এবছর মর্যাদাপূর্ণ 'মাছলি জাতীয় পুরস্কার'এ ভূষিত হলেন রাজস্থানের 'শেরগড় বন্যপ্রাণী অভয়ারণ্য'এর বনরক্ষী ৩০ বছর বয়সি অনিতা চৌধুরি। ৫০টিরও বেশি কুমির-সহ পাঁচশোরও বেশি বন্যপ্রাণী উদ্ধার আর চোরা শিকারি, অবৈধ খনন ও বনভূমি দখলের বিরুদ্ধে তাঁর নির্ভীক পদক্ষেপের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। প্রায় ১০ বছর ধরে শেরগড় বন্যপ্রাণী অভয়ারণ্য'এ কর্মরত আছেন তিনি।



২০২৫ সালে 'উইজডেন ক্রিকেটার্স অ্যালমানাক'এর বিচারে, পুরুষদের ক্রিকেটে 'লিডিং ক্রিকেটার ইন দ্য ওয়ার্ল্ড' হিসাবে মনোনীত হলেন অস্ট্রেলিয়ার তারকা পেসার মিচেল স্টার্ক। অন্যদিকে, মেয়েদের ক্রিকেটে এই সম্মান পেলেন ভারতীয় অলরাউন্ডার দীপ্তি শর্মা। এছাড়াও, 'লিডিং টোয়েন্টি-২০ ক্রিকেটার ইন দ্য ওয়ার্ল্ড' হয়েছেন ভারতীয় ওপনার অভিষেক শর্মা। উইজডেনের 'বর্ষসেরা ৫ ক্রিকেটার'এর তালিকায় রয়েছেন ৪ ভারতীয় ক্রিকেটার শুভমান গিল, রবীন্দ্র জাদেজা, ঋষভ পন্থ ও মোহাম্মদ সিরাজ আর ইংলিশ ব্যাটসম্যান হাসিব হামিদ।

**১৫ এপ্রিল :** বিহারের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন সম্রাট চৌধুরি।

❑ প্রথম ভারতীয় মহিলা হিসাবে, এবছর ফিডে উইমেন্স ক্যান্ডিডেটস টুর্নামেন্ট' জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার রমেশবাবু বৈশালী। ফাইনাল রাউন্ডে রাশিয়ান গ্র্যান্ডমাস্টার ক্যাটেরিনা লাগনো'কে হারিয়ে এই টুর্নামেন্ট জিতলেন তিনি।

**১৬ এপ্রিল :** 'ইনফোসিস'এর বিশ্বব্যাপী প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন টেনিস তারকা কার্লোস আলকারাজ।

❑ এবছর ফ্রান্সের বোর্দো শহরে, ১৫ তম 'ইউরোপিয়ান গার্লস ম্যাথমেটিক্স অলিম্পিয়াড'এ ভারতের ইতিহাসে প্রথম সোনার পদক জিতে ইতিহাস গড়লেন মুম্বইয়ের শ্রেয়া শান্তনু মুন্ধাদা। ৪ সদস্যের ভারতীয় দলের অংশ ছিলেন তিনি। এছাড়াও, কেরলের সঞ্জনা ফিলো চাকো রুপোর পদক ও তামিলনাড়ুর শিবানী ভারত কুমার ব্রঞ্জ পদক পেয়েছেন। অংশগ্রহণকারী ৬৭টি দেশের মধ্যে ষষ্ঠ স্থান অধিকার করে ভারত তাদের সর্বকালের সেরা সাফল্য অর্জন করেছে।

❑ কর্মক্ষেত্রে মহিলাদের স্বাচ্ছন্দ্যের কথা মনে রেখে এক ঐতিহাসিক পদক্ষেপ নিল কর্ণাটক হাই কোর্ট। রাজ্যের প্রতিটি সরকারি, বেসরকারি ও অসংগঠিত ক্ষেত্রে মহিলাদের জন্য ঋতুকালীন ছুটি কার্যকর করতে হবে সরকারকে। এর ফলে, রাজ্যের মহিলা কর্মীরা বছরে মোট ১২ দিন ঋতুকালীন ছুটি পাবেন। অর্থাৎ, প্রতি মাসে একদিন করে ছুটি নেওয়ার সুযোগ থাকবে। ১৮ থেকে ৫২ বছর বয়সি সব মহিলা কর্মী এই সুবিধার আওতায় পড়বেন।

**১৭ এপ্রিল :** এবছর উদ্বোধনী 'বোল্ডার্স ক্লাসিক' জিতলেন ভারতীয় গলফার শুভঙ্কর শর্মা।



এবছর 'হার্ভার্ড সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন'এর তরফ থেকে 'বর্ষসেরা ব্যক্তিত্ব' হিসাবে নির্বাচিত হলেন বলিউড অভিনেত্রী সায়নী গুপ্তা। চলচ্চিত্র, স্টোরিটেলিং ও দক্ষিণ এশীয় পরিচয়কে বিশ্বমঞ্চে সাহসিকতার সঙ্গে তুলে ধরার জন্য তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে। এপ্রিলের শেষে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে।

❑ 'এডিনবরা বিশ্ববিদ্যালয়'এর বিজ্ঞানীরা এমন এক অভিনব পদ্ধতি উদ্ভাবন করেছেন, যেখানে ব্যবহৃত প্লাস্টিক বোতল থেকে পার্কিনসন রোগের অত্যাবশ্যকীয় ওষুধ L-DOPA/ LEVODOPA তৈরি করা সম্ভব হয়েছে। গবেষণাটি পরিচালিত হয়েছে একটি আধুনিক গবেষণা কেন্দ্র কার্বন-লুপ সাসটেইনেবল বায়োম্যানুফ্যাকচারিং হাবে। এই উদ্যোগের লক্ষ্য হল, বর্জ্যকে মূল্যবান উপাদানে রূপান্তরিত করা। এই গবেষণার মূল আকর্ষণ হল - এখানে রাসায়নিক প্রক্রিয়ার বদলে জীববৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে বিজ্ঞানীরা বিশেষভাবে পরিবর্তিত ই.কোলাই ব্যাকটিরিয়া ব্যবহার করেছেন, যা প্লাস্টিককে ভেঙে ধাপে ধাপে ওষুধে রূপান্তর করতে সক্ষম। সাধারণত খাবার ও পানীয়র বোতলে ব্যবহৃত প্লাস্টিক 'পলিইথিলিন টেরেফথ্যালেট'কে প্রথমে ভেঙে তার মৌলিক উপাদান টেরেফথ্যালিক অ্যাসিডে পরিণত করা হয়। এরপর এই উপাদানকে ব্যাকটিরিয়ার জৈবিক বিক্রিয়ার মাধ্যমে L-DOPA-তে রূপান্তরিত করা হয়। প্রচলিত ওষুধ তৈরির প্রক্রিয়ায় প্রায়ই জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভর করতে হয়, যা পরিবেশের জন্য ক্ষতিকর। কিন্তু এই নতুন পদ্ধতিতে প্লাস্টিক বর্জ্যই কাঁচামাল হিসাবে ব্যবহৃত হয়। ফলে একদিকে যেমন প্লাস্টিক দূষণ কমানো সম্ভব, তেমনই মূল্যবান ওষুধ উৎপাদন করাও সম্ভব।

❑ টানা তৃতীয় মেয়াদের জন্য, বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান পদে নির্বাচিত হয়ে ইতিহাস গড়লেন সাংবাদিক-রাজনীতিবিদ হরিবংশ নারায়ণ সিং। এই প্রথম রাজ্যসভার কোনো মনোনীত সদস্য ডেপুটি চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন, যা সংসদীয় ইতিহাসে একটি বিরল ঘটনা। নাজমা হেপতুল্লা'র পর তিনি হলেন প্রথম ব্যক্তি, যিনি তৃতীয়বারের মতো এই পদে নির্বাচিত হলেন।

**১৮ এপ্রিল :** এবছর ফেমিনা 'মিস ইন্ডিয়া ওয়ার্ল্ড'এর শিরোপা পেলেন গোয়ার উদ্যোক্তা ও মডেল সাধ্বী সতীশ সাইল।

❑ প্রথম ভারতীয় কোম্পানি হিসাবে, গম ও ধানের জন্য বিশ্বব্যাপী স্বীকৃত 'ফার্ম সাসটেইনেবিলিটি অ্যাসেসমেন্ট' ৩.০ সার্টিফিকেট অর্জন করে এক নয়া মাইলফলক গড়ল 'আইটিসি লিমিটেড'। এই সার্টিফিকেশনটি ২২ হাজার একরেরও বেশি কৃষিজমিকে আওতাভুক্ত করে আর উত্তর প্রদেশ ও বিহারের ৭০টিরও বেশি 'ফার্মার প্রোডিউসার অর্গানাইজেশন'এর ৩,৫০০-এর বেশি কৃষককে এর সঙ্গে সংযুক্ত করে। এটি পরিবেশবান্ধব কৃষি, কৃষকদের আয় বৃদ্ধি, পণ্যের উৎস শনাক্তকরণ-সহ প্রভৃতি বিষয়ে আইটিসি'র অঙ্গীকারকে তুলে ধরে।

❑ 'ব্লুমবার্গ বিলিওনেয়র ইনডেক্স'এর তথ্য অনুযায়ী, মুকেশ আম্বানিকে ছাড়িয়ে এশিয়ার সবথেকে ধনী ব্যক্তির শিরোপা পেলেন 'আদানি গ্রুপ'এর চেয়ারম্যান গৌতম আদানি। আদানি গ্রুপের শেয়ারের দাম বাড়ায় তাঁর মোট সম্পদ বেড়ে দাঁড়িয়েছে ৯২.৬ বিলিয়ন ডলার। বিশ্বের মধ্যে তাঁর স্থান ১৯। অন্যদিকে, ৯০.৮ বিলিয়ন ডলার নিয়ে দ্বিতীয় স্থানে নেমে এসেছেন মুকেশ আম্বানি। বিশ্বে তাঁর স্থান ২০।

❑ 'মেঘালয় সরকারি ভাষা অধ্যাদেশ, ২০২৬' অনুমোদন করে 'গারো' ও 'খাসি' ভাষাকে পূর্ণাঙ্গ সরকারি ভাষার মর্যাদা দিল মেঘালয় মন্ত্রিসভা, যা রাজ্যের ভাষা নীতিতে এক ঐতিহাসিক পরিবর্তনের সূচনা করেছে। এর ফলে 'মেঘালয় রাজ্য ভাষা আইন, ২০০৫' বাতিল করে এই দু'টি ভাষাকে ইংরিজি ভাষার পাশাপাশি প্রশাসনিক, বিধানসভা ও পরীক্ষায় ব্যবহারের জন্য স্বীকৃতি দেওয়া হয়েছে। এই অধ্যাদেশ অনুসারে, খাসি পাহাড় অঞ্চলে ইংরিজি ও খাসি আর গারো পাহাড় অঞ্চলে ইংরিজি ও গারো ভাষা দাফতরিক কাজে ব্যবহৃত হবে। এছাড়াও, বিধানসভায় বিধায়করা এখন নিজ মাতৃভাষায় (খাসি/গারো) বিতর্ক করতে পারবেন ও সরকারি চাকরিতে এই ভাষার ব্যবহার বাড়বে।

❑ ভারতের প্রথম জল-নিরপেক্ষ রেল ডিপো হিসাবে ঘোষিত হল গুজরাতের আহমেদাবাদের কাঁকারিয়া কোচিং ডিপো, যা টেকসই জল ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক। এই ডিপোটি প্রতিদিন প্রায় ১.৬ লাখ লিটার জল সাশ্রয় করে, যা বছরে প্রায় ৫.৮৪ কোটি লিটার জলের সমান। জল নিরপেক্ষতার অর্থ হল, এই ডিপো যত পরিমাণ জল ব্যবহার করে, তার সমপরিমাণ জল পুনর্ব্যবহার করতে সক্ষম। এখানে 'ফাইটোরিমিডিয়েশন' নামক পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার করা হয়, যেখানে গাছের মাধ্যমে দূষিত জল বিশুদ্ধ করা হয়। এছাড়া মাল্টি-স্টেজ ট্রিটমেন্ট, ওয়েটল্যান্ড ফিল্টার ও ইউভি ডিসইনফেকশন ব্যবহার করে ট্রেনের কোচ পরিষ্কারের জন্য জলের মান নিশ্চিত করা হয়। এই উদ্যোগে ভূগর্ভস্থ জলের ওপর নির্ভরতা কমেছে ও এটি পরিবেশ রক্ষায় অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখছে।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানা কর্মমুখী কোর্সে ভরতি চলছে

নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর : কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ও All India Survey on Higher Education (AISHE) স্বীকৃত প্রতিষ্ঠান - Susrijo Insitute of Paramedical Technology and Optometry (SIPTO)-তে নতুন অ্যাকাডেমিক সেশনে (২০২৬-২০২৭) ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক (DOS & OT). (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক (DMLT), (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক (DMRT), (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক (DPT), (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন (DDT & OH), (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (DCCT), (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি (DECGT & PFT), (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান (DDT)। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি মূল কোর্সের সঙ্গে একইসঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও এখানে মাধ্যমিক যোগ্যতায় ভরতি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ (CCMS & ED), (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন (CSI)। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামো, আধুনিক ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে মনোরম ও শিক্ষাবান্ধব পরিবেশে পাঠদান করা হয়, যা শিক্ষার্থীদের সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবেন। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দফতর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। সঙ্গে রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভরতি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO). মেইন ক্যাম্পাস (কৃষ্ণনগর) : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnanagar Horticulture Office). Phone : 9239242140, 9382415291.

বহরমপুর ক্যাম্পাস : 20/1, Madhupur Road, P.O. & P.S.- Berhampore, Dist.- Murshidabad, W.B., Phone : 9239242138, 9382415291. Website : www.sipto.in, Email: sipto19@gmail.com

## ও.বি.সি সংরক্ষণ

১ পাতার পর

ভেরিফিকেশন রিপোর্ট জমা দেওয়ার প্রক্রিয়াও স্থগিত রাখা হয়েছে। ১৪ আগস্ট থেকে ১২টি বিষয়ের যে কাউন্সেলিং হওয়ার কথা ছিল, তাও বাতিল করা হয়।

চেয়ারম্যান আরো জানান, নবম-দশমের শিক্ষক-শিক্ষিকা পদের জন্য ৩৯,২১৮ জনের মধ্যে ১৫ হাজার প্রার্থীর তথ্য যাচাই হয়ে গেছে। বাকিদের তথ্য যাচাই হবে ও.বি.সি. সংরক্ষণ বিষয় মিটে গেলে।

ও.বি.সি. সংরক্ষণ ১৭% থেকে কমিয়ে ৭% হলে নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণিতে প্রায় ১,৪০০ থেকে ১,৫০০ জন যোগ্য শিক্ষক-শিক্ষিকা চাকরি থেকে বঞ্চিত হবেন। কারণ তাঁরা ১৭% ও.বি.সি. সংরক্ষণ পেয়েই ইন্টারভিউয়ে ডাক পেয়েছেন বা, ডাক পাবেন। এর ফলে জেনারেল ক্যাটেগরির প্রার্থীরা নতুন করে সুযোগ পাবেন। প্রায় ১,৫০০ জন শিক্ষক-শিক্ষিকা পুনরায় লিখিত পরীক্ষা দিয়ে সফল হতে পারেননি। আবার ১,৫০০ শিক্ষক-শিক্ষিকা ও.বি.সি. সংরক্ষণের ফলে সুযোগ হারাচ্ছেন। মোট প্রায় ৩,০০০ প্রার্থী চাকরিহারা হবেন। সম্ভবত ৭% সংরক্ষণ প্রথা মেনে আবার নতুন করে তালিকা বেরোতে পারে। অন্যদিকে, ৩০ আগস্টের মধ্যে নিয়োগপ্রক্রিয়া শেষ করা সম্ভব নয়। তাই সরকার সুপ্রিম কোর্টের কাছে সময়সীমার বাড়ানোর আবেদন করবে।

## স্কুল সার্ভিসের গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি'র ফল

১ পাতার পর

হয়েছিল, তার ফল পুজোর আগেই বেরোবে। সুপ্রিম কোর্টের রায়ে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের ২০১৬ সালের পরীক্ষার প্যানেল বাতিল করা হয়। সব প্রার্থীরই চাকরি হারাতে হয়। ৮,৪৭৭টি শূন্যপদের জন্য নতুন করে পরীক্ষা নেওয়া হয়। প্রায় ৮ মাস হয়ে গেল, এখনো ফল বেরোয়নি। তাই চাকরিহারা প্রার্থীরা ফল বেরোনোর দাবিতে ধর্নায় বসেন। ও.বি.সি. সংরক্ষণের জন্য ফল বেরোতে দেরি হচ্ছে। তবে গ্রুপ-সি ও গ্রুপ-ডি'র লিখিত পরীক্ষার ফল বেরোবে ৭% ও.বি.সি. সংরক্ষণ প্রথা মেনে। এর ফলে ১০% ও.বি.সি. প্রার্থী কমে গেলেও জেনারেল প্রার্থীরা সুযোগ পাবেন।

## পি.এস.সি'র মাধ্যমে ২৫,০০০ শূন্যপদ পূরণ

১ পাতার পর

পদের লিখিত পরীক্ষা হয়েছে কিন্তু ফল বেরোয়নি। কিংবা প্রিলি হয়েছে মেনস হয়নি বা, মেনস হয়েছে এখনো ফল বেরোয়নি। যেমন, ২০২৪ সালের ক্লার্কশিপ মেনস পরীক্ষা হয়েছে এখনো ফল বেরোয়নি। মেনসের ফল শিগগিরই বেরোবে। তারপর টাইপিং টেস্ট হবে। ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষা হয়েছে। এখনো ফল বেরোয়নি। ফল শিগগিরই বেরোবে। তারপর মেনস পরীক্ষা হবে। নবান্ন থেকে নির্দেশ দেওয়া হয়েছে, যে যে পদে নিয়োগপ্রক্রিয়া চলছে, দ্রুত সেই পরীক্ষারগুলির ফল প্রকাশ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

পি.এস.সি.'র চেয়ারম্যান অনিল ভার্মা জানান, ১৭,৭১৪টি শূন্যপদের বিজ্ঞপ্তি আগেই বেরিয়েছে। প্রায় ১২ লাখের বেশি প্রার্থী এইসব পরীক্ষা দিয়ে বসে আছেন চূড়ান্ত ফলের অপেক্ষায়। এগুলি দ্রুত সম্পন্ন করা হবে। এছাড়াও বিভিন্ন পদে আরো ৮,০০৬টি শূন্যপদের জন্য নতুন করে দরখাস্ত নেওয়া হবে। এই পদগুলির মধ্যে ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষা, মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর, ক্লার্কশিপ, সাব-ইন্সপেক্টর অফ স্কুল, সরকারি স্কুলের শিক্ষক-শিক্ষিকা ইত্যাদি পদে আছে।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

RICE ADAMAS
পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে লক্ষাধিক শূন্যপদে আসছে নিয়োগের সুবর্ণ সুযোগ।
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতাসম্পন্ন RICE Education-এর সঙ্গে আজই শুরু করো তোমার সফল কেরিয়ারের প্রস্তুতি।
RICE EDUCATION
স্বপ্ন বড় হতে হবে।
লক্ষ্য যদি হয় WBCS, CGL, CHSL, BANK বা RAILWAY, তাহলে প্রস্তুতিটাও হতে হবে দুর্দান্ত।
RICE শুধুমাত্র একটি কোচিং নয় — এটা একটি চেতনা।
এখানে আমরা শেখাই কীভাবে জীবনের প্রতিটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, কীভাবে আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে গড়ে তুলতে হয়। যতই প্রতিযোগিতা থাকুক না কেন, যদি রোজ নিজেকে একটু একটু করে গড়ে তোল, তোমার সাফল্যকে কেউ আটকাতে পারবে না। রাইস পড়া মানে শুধু নোটস আর মক টেস্ট নয়, ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুতি।
বিগত পরীক্ষায় RICE Education এর কিছু সফল নক্ষত্র
TULIP GHOSH — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Khirpai, Paschim Medinipur
ANINDYA GHOSH — WBCS 2023 Gr-A, (Executive), Hamiltonganj, Alipurduar
SOUPTIK PAUL — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Santragachi, Howrah
DIPANWITA BISWAS — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Dignagar, Nadia
MAHESWAR MURMU — WBCS 2023 Gr-A, WB Food & Supplies Service, Chandabila, Purba Medinipur
TARAK NATH MONDAL — WBCS 2023 Gr-B, WB Police Service, Ichlabad, Purba Bardhaman
SHEDIP BHOWMICK — SSC CGL 2025, Office Superintendent CBDT, Naity, Hooghly
ASMITA PAL — SSC MTS (Non-Technical)-2024, Paskura, Purba Medinipur
SK HASIMUDDIN — SSC CHSL (10+2)-2024, LDC/JSA, Ministry of Defence Dept. Pandua, Hooghly
SOHAM HAJRA — IBPS CRP PO/MT XV 2026-27, Canara Bank, Kalighat, Kolkata
SAYAN KUMAR MONDAL — SBI-2024, Junior Associates, Kanyanagar, South 24 Parganas
ROHIT SARDAR — WB Audit & Accounts Service- 2022, Pailan, South 24 PGS
& many more...
Prof. (Dr.) Samit Ray
• Founder & Chairman, RICE - Adamas Group
• Founder & Chancellor – Adamas University
NOTIFICATION OUT!
SBI Clerk 2026 11,403 Vacancies
IBPS Clerk 2026 9,766 Vacancies
Classroom | Residential
IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | Insurance
RICE-এর সমস্ত শাখায় নতুন ব্যাচ শুরু হচ্ছে আগস্টের চতুর্থ সপ্তাহ থেকে
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 |
Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957
RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next Batch Starts in September 2026 | Helpline: 62921 90230
Helpline ✆ 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist.: 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com